

রাজ্যস্বরীয় আলোচনাসভাঃ
বর্তমান শিক্ষার পরিপ্রেক্ষিতে স্বামী বিবেকানন্দের প্রাসঙ্গিকতা



“Education is the manifestation of the perfection already in man”

- Swami Vivekananda

পূর্নসোষক :

শ্রী পরশ দত্ত

নির্দেশক:

ডঃ কল্যাণী সাহু

মি: আশিশ

চ্যাটার্জি

আয়োজক: কুহেলী

মণ্ডল ও সুদীপ

পারুই

আয়োজকবৃন্দ:

নন্দলাল ঘোষ বিটি

কলেজের শিক্ষক

শিক্ষিকাগণ

রেজি ফী:

১০০টাকা (শিক্ষক

প্রতি),

৫০টাকা (ছাত্রছাত্রী

প্রতি)

স্থান: নন্দলাল

ঘোষ বিটি কলেজ

তারিখ: ২৪শে

সেপ্টেম্বর, ২০১৯,

মঙ্গলবার

“শিক্ষা হচ্ছে, মানুষের ভিতর যে পূর্ণতা প্রথম হইতেই বর্তমান তারই প্রকাশ” - শিক্ষা সম্পর্কিত স্বামী বিবেকানন্দের এই বাণী এইসময় তাঁর শিক্ষাভাবনার প্রাসঙ্গিকতাকে ব্যাখ্যা করে। পূর্ণতা শিশুর অন্তরেই বিদ্যমান। তাই কাউকে শিক্ষা দেওয়া আমাদের কাজ নয়। আমাদের কাজ হলো শিশুর পূর্ণতা বিকাশের পথে বাধাগুলিকে অপসারণ করা। আজ সর্বাপেক্ষা আলোচিত শিশুকেন্দ্রিক শিক্ষাভাবনার মূল স্তম্ভই হলো এই কথাটি।

স্বামীজীর মতে শিক্ষা শুধু তথ্যভিত্তিক নয়, এটি গঠনমূলকও। তথ্যভিত্তিক শিক্ষার জন্য googleই যথেষ্ট। শিক্ষা গঠন করবে শিক্ষার্থীকে। গঠন করবে তার প্রজ্ঞা, উপলব্ধি এবং জগতের কল্যাণে নিজেকে উৎসর্গ করার মানসিকতা। শিক্ষাপদ্ধতির মধ্যে তিনি মস্তিস্ক- হৃদয় - হস্ত (জ্ঞান, বোধ ও কর্ম) এই তিনের সমন্বয়ে শিক্ষাপদ্ধতি প্রয়োগের কথা বলেছিলেন। শিক্ষা হল বিজ্ঞান ও আধ্যাত্মিকতার সমন্বয়, চারটি যোগের (জ্ঞান, ভক্তি, কর্ম ও রাজযোগ) সমন্বয়ও বটে। এর দ্বারা তৈরি হবে এমন মানুষ যাঁরা রাজর্ষি, একাধারে রাজা ও ঋষি। তাঁদের থাকবে রাজার সাফল্য এবং ঋষির মন। প্রতিভাবান হয়েও ত্যাগী, চরিত্রবান ও পবিত্র। সমগ্র পৃথিবী তৃষ্ণার্ত নয়নে আজ এইরূপ মানুষের দিকে চেয়ে আছে।

উক্ত উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত নন্দলাল ঘোষ বিটি কলেজ শিশু চিত্রকলা ভবনের সমন্বয়ে এক রাজ্যস্বরীয় সেমিনারের আয়োজন করতে চলেছে আগামী ২৪শে সেপ্টেম্বর, মঙ্গলবার। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিবেকানন্দ ভাবানুরাগী জেলা সমিতির (উত্তর ২৪ পরগনা) সভাপতি শ্রীযুক্ত প্রশান্ত চৌধুরী মহাশয় এবং সভাপতি পদ অলংকৃত করবেন রামকৃষ্ণ মিশন বেলুড মঠের মহারাজ শ্রীমদস্বামী জগদম্বানন্দজী মহাশয়।

উক্ত সেমিনারে ইচ্ছুক ব্যক্তিবর্গকে সক্রিয় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

বি.দ্র: বিষয় উপস্থাপনে আগ্রহী ব্যক্তিবর্গকে ২০শে সেপ্টেম্বরের মধ্যে নিম্নোক্ত মেলে বিষয় পাঠাতে অনুরোধ জানানো হচ্ছে: ngbtcollege@gmail.com (phone no 9933389067/ 9635280149)

ইতি নিবেদনাতে

আয়োজকবৃন্দ